

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/ ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ।

এস,আর,ও নং-১৫৪-আইন/২০২৩/২৩১-মুসক।- সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule-ভুক্ত শিরনামা সংখ্যা ৮৫.২৩ এর বিপরীতে উল্লিখিত সফটওয়্যারের স্থানীয় উৎপাদন পর্যায়ে এবং সফটওয়্যার কাস্টমাইজেশনের ক্ষেত্রে সেবা পর্যায়ে উহাদের উপর আরোপণীয় ৫ (পাঁচ) শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

২। এই প্রজ্ঞাপন ০১ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আবু হেনা মোঃ রহমাতুল মুনিম)

সিনিয়র সচিব